স্টাফ রিপোর্টার: রাজশাহী শহরে থাকা ১৬৫টি পুকুরে যেন দখল বা মাটি ভরাট না করা হয় তা নিশ্চিত করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ২০২২ সালের ৮ আগস্ট দেওয়া এমন রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি প্রকাশের খবর গতকাল সোমবার জানিয়েছেন আইনজীবী মনজিল মোরসেদ। রাজশাহীতে পুকুর ভরাট ও দখল নিয়ে ২০১৪ সালে সংবাদ প্রকাশ হওয়ায় জনস্বার্থে হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের পক্ষে একটি রিট দায়ের করা হয়। ওই রিটের দীর্ঘ শুনানি শেষে রুল যথাযথ ঘোষণা করে গত বছরের ৮ আগস্ট রায় দেওয় হয়। জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ জানান, রায়ে ৪ দফা নির্দেশনা হাইকোর্ট।

এক. অবিলম্বে এবং ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করে ১৬৫টি পুকুরের একটি পুকুরের একটিও যেন দখলমাটি ভরাট না করা হয় তা নিশ্চিত করতে হবে।

দুই. পুকুরগুলোকে তাদের আসল প্রকৃতি ও বৈশিষ্ট্য অনুযায়ী বজায় রাখা নিশ্চিত করতে হবে।

তিন. এটি চলমান মামলা থাকবে যেন পুনরায় ভবিষ্যতে পুকুর দখলমাটি ভরাট না করা হয়।

চার. অবিলম্বে এবং ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করে বিখ্যাত সুকান দিঘিকে তার আদি প্রকৃতিতে ফিরিয়ে আনার ব্যবস্থা গ্রহণ করতে এবং দিঘির দখলকৃত অংশ পুনরুদ্ধার করতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।